শ্বশুরের ধর্ষণ পাঁচ বছর, দেবরও যোগ দেয়ায় থানায় গৃহবধূ

ছেলের বউকে টানা পাঁচ বছর ধরে ধর্ষণের অভিযোগ উঠেছে ভারতের উত্তরপ্রদেশের একটি গ্রামে। ওই নারীকে তার শ্বশুর বলেছিলেন, ছেলের বউ নয়, আমার শরীরের চাহিদা মেটাতে তোমাকে ঘরে এনেছি। শ্বশুরের পাশাপাশি দেবরও তাকে ধর্ষণ করেছেন বলে অভিযোগ রয়েছে।

ভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হচ্ছে, সে দেশের উত্তরপ্রদেশের বরেলি থানায় এক নারী কিছুদিন আগে নিজের শ্বশুরের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ করেছেন।

অভিযোগে তিনি বলেন, ২০১৪ সালে তার বিয়ে হয়। বিয়ের পর একদিন শ্বশুর তাকে ধর্ষণের চেষ্টা করেন। তিনি ঘটনার আকস্মিকতায় বিহ্বল হয়ে পড়েন। শ্বশুরের কাছে নিজের সতিত্ব রক্ষায় অনেক অনুরোধ করেন।

কিন্তু শ্বশুর তাকে বলেন, ছেলের বউ হিসেবে নয়, নিজের শরীরের চাহিদা মেটানোর জন্য তোমাকে বাড়ির বউ করে এনেছি। এর পর প্রায় প্রতিদিন তাকে শ্বশুর ধর্ষণ করতেন বলে অভিযোগ করেছেন ওই নারী।

ওই নারী আরো বলেন, ধর্ষণের ব্যাপারে তার স্বামী জানতেন। কিন্তু সবকিছু জানা স্বত্ত্বেও তিনি কোনো প্রতিবাদ করেননি। এ কারণে তার শ্বশুর বেপরোয়া হয়ে ওঠেন।

সম্প্রতি শ্বশুরের পাশাপাশি দেবরও সে পথে হাঁটেন। এবার ওই নারী হতবিহ্বল হয়ে পড়েন। বাধ্য হয়ে তিনি থানায় অভিযোগ করেছেন।